

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১২৯

পর্ব - ১ ঃ পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৯. তায়াম্মুম (মাটির সাহায্যে পবিত্রতা অর্জন) - তায়াম্মুমের পদ্ধতিতে ছোট-বড় নাপাকির ক্ষেত্রে কোন পার্থক্য নেই

আরবী

وَعَنْ عَمَّارِ بْنِ يَاسِرٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ: بَعَثَنِي النَّبِيُّ _ صلى الله عليه وسلم _ فِي حَاجَةٍ, فَأَجْنَبْتُ, فَلَمْ أَجِدِ الْمَاءَ, فَتَمَرَّغْتُ فِي الصَّعِيدِ كَمَا تَمَرَّغُ الدَّابَّةُ, ثُمَّ أَتَيْتُ النَّبِيَّ _ صلى الله عليه وسلم _ فَذَكَرْتُ ذَلِكَ لَهُ, فَقَالَ: «إِنَّمَا كَانَ يَكْفِيكَ أَنْ تَقُولَ بِيَدَيْكَ هَكَذَا»، ثُمَّ ضَرَبَ بِيَدَيْهِ الْأَرْضَ ضَرْبَةً وَاحِدَةً, ثُمَّ مَسَحَ الشِّمَالَ عَلَى الْيَمِينِ, وَظَاهِرَ كَفَيْهِ وَوَجْهَهُ. مُتَّفَقٌ عَلَيْهِ, وَاللَّفْظُ لِمُسْلِمٍ وَفَيْهِ وَالْأَرْضَ, وَنَفَخَ فِيهِمَا, ثُمَّ مَسَحَ بِهِمَا وَجْهَهُ وَكَفَيْهِ وَفَي رِوَايَةٍ لِلْبُخَارِيِّ: وَضَرَبَ بِكَفَيْهِ الْأَرْضَ, وَنَفَخَ فِيهِمَا, ثُمَّ مَسَحَ بِهِمَا وَجْهَهُ وَكَفَيْهِ

صحيح. رواه البخاري (347)، ومسلم (368) البخاري رقم (338)

বাংলা

১২৯। 'আম্মার বিন ইয়াসির (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, 'নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে কোন প্রয়োজনে (কোন এক স্থানে) পাঠালেন। কিন্তু সেখানে আমি জুনুবী হয়ে পড়ি এবং পানি না পাওয়ায় ধূলার উপর (শুয়ে) গড়াগড়ি দেই যেভাবে চতুপ্পদ জন্তু গড়াগড়ি দিয়ে থাকে। তারপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকটে প্রত্যাবর্তন করে আমি তা বর্ণনা করি। তখন তিনি আমাকে বললেন, 'ঐ অবস্থায় তোমার পক্ষে এতটুকুই যথেষ্ট ছিল যে, তুমি তোমার হাত দু'টিকে এভাবে করতে (তিনি তা দেখাতে গিয়ে) তাঁর দু'হাতের তালুকে এক বার মাটির উপরে মারলেন, তারপর বাম হাতকে ডান হাতের উপর মাসাহ করলেন এবং তাঁর দু'হাতের বাহির ভাগ ও মুখমণ্ডলও মাসাহ করলেন।" এ শব্দ বিন্যাস মুসলিমের।[1]



বুখারীর অন্য বর্ণনায় আছে, 'এবং তার হাত দু'টিকে মাটিতে মারলেন এবং দু'হাতে ফুঁক দিলেন; তারপর দু'হাত দ্বারা মুখমণ্ডল ও হাতের দু'কজি মাসাহ করলেন।[2]

English

Narrated `Ammar bin Yasir (RAA):

The Prophet (ﷺ) sent me on some errands and I became junub (sexually impure), and could not find water. I rolled myself in the dirt just as an animal does. I then came to the Prophet (ﷺ) and mentioned that to him. He said, "This would have been enough for you," and he struck the earth with his hands once, then he wiped the right hand with the left one, and the outside of the palms of his hands and his face. [Agreed upon. The wording is that of Muslim's].

In a version by Al-Bukhari, `Ammar said:

'He (ﷺ) struck the earth with the palms of his hands, blew in them and wiped his face and hands with them.

ফুটনোট

- [1] বুখারী ৩৪৭ মুসলিম ৩৬৮;
- [2] বুখারী ৩৩৮

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আম্মার ইবনু ইয়াসির (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন